গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
রেলপথ মন্ত্রণালয়
বাজেট ও পরিবীক্ষণ অনুবিভাগ
বাস্তবায়ন, পরিবীক্ষণ ও মূল্যায়ন-১ শাখা

**রেলপথ মন্ত্রণালয়ের ২০২৪-২৫ অর্থবছরের বাজেট বাস্তবায়ন পরিকল্পনার ৪র্থ ত্রৈমাসিক (এপ্রিল-জুন) বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সংক্রান্ত 'বাজেট ব্যবস্থাপনা কমিটি'র সভার কার্যবিবরণী**

| | | |
|---|---|---|
| সভাপতি | : | জনাব মো: ফাহিমুল ইসলাম<br>সচিব, রেলপথ মন্ত্রণালয় |
| সভার তারিখ | : | ১৫ জুলাই ২০২৫ |
| সভার সময় | : | সকাল ১১:০০ ঘটিকা |
| স্থান | : | রেলপথ মন্ত্রণালয়ের সভাকক্ষ (৮২৫) ও জুম প্লাটফর্ম |

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অতপর: সভাপতি সভার আলোচ্যসূচী উপস্থাপনের জন্য অতিরিক্ত সচিব (বাজেট ও পরিবীক্ষণ)-কে আহবান জানান। তিনি সভায় রেলপথ মন্ত্রণালয় এর সংশোধিত ২০২৪-২৫ অর্থবছরের ৪র্থ ত্রৈমাসিক (এপ্রিল-জুন) বাজেট বাস্তবায়ন অগ্রগতি (রাজস্ব প্রাপ্তি, পরিচালন ও উন্নয়ন ব্যয়), প্রশিক্ষণ, পুনঃউপযোজন, বাজেট বাস্তবায়নের চ্যালেঞ্জসমূহ পাওয়ার পয়েন্টের মাধ্যমে বিস্তারিত আলোচনা করেন। আলোচ্যসূচি অনুযায়ী উপসচিব (বাস্তবায়ন, পরিবীক্ষণ ও মূল্যায়ন) কার্যপত্র ও বিভিন্ন তথ্য উপস্থাপন করেন। সভার আলোচনা ও সিদ্ধান্তসমূহ নিম্নরূপঃ

০২। **<u>আলোচ্যসূচি-১</u>: বিগত বাজেট ব্যবস্থাপনা কমিটির সভার গুরুত্বপূর্ণ সিদ্ধান্তসমূহ ও বাস্তবায়ন অগ্রগতি।**

বিগত ২৭ মে ২০২৫ অনুষ্ঠিত রেলপথ মন্ত্রণালয় এর ২০২৪-২৫ অর্থবছরের ৩য় ত্রৈমাসিক (জানুয়ারি-মার্চ) বাজেট বাস্তবায়ন অগ্রগতি সম্পর্কিত বাজেট ব্যবস্থাপনা কমিটির সভার গুরুত্বপূর্ণ সিদ্ধান্তসমূহ ও বাস্তবায়ন অগ্রগতি নিম্নরূপঃ

| নং | সিদ্ধান্ত | বাস্তবায়ন অগ্রগতি |
|---|---|---|
| (ক) | অর্থ বিভাগ এর নির্দেশনা অনুযায়ী অর্থনৈতিক কোড ভিত্তিক ১ম, ২য়, ৩য় ও ৪র্থ কোয়ার্টার এর রাজস্ব আয়ের প্রাপ্তি ১ ও ২ ফরমে , পরিচালন ব্যয়ের গ-১ ফরমে, উন্নয়ন ব্যয়ের গ-২ যথাযথভাবে সচিবালয়, রেলপথ পরিদর্শন অধিদপ্তর, বাংলাদেশ রেলওয়ের সকল প্রতিষ্ঠান প্রধান/১০৮ টি বাজেট ইউনিট ও প্রকল্প পরিচালকদের নির্ধারিত সময়ে তথ্য ও আইবাস রিপোর্ট প্রেরণ করতে হবে। প্রতি কোয়ার্টার সমাপ্তির পরবর্তী ০৭ (সাত ) কার্যদিবসের মধ্যে মন্ত্রণালয়ে হার্ডকপি ও সফটকপি প্রেরণ করতে হবে। সংশোধিত ২০২৪-২৫ অর্থবছরের ৪র্থ ত্রৈমাসিক (এপ্রিল-জুন) এর বাজেট ব্যবস্থাপনা কমিটির (বিএমসি) সভার তারিখ আগামী ১৪ জুলাই ২০২৫ নির্ধারণ করা হলো এবং এ অনুযায়ী সভার নোটিশ প্রেরণ করিতে হবে। | ১। সচিবালয় হতে ১ম, ২য়, ৩য় ও ৪র্থ কোয়ার্টার অনুযায়ী **রাজস্ব আয়ের প্রাপ্তি ১ ও ২** ফরমে , **পরিচালন ব্যয়ের গ-১** ফরমে তথ্য ও আইবাস রিপোর্ট ১০.০৭.২০২৫ তারিখে পাওয়া গিয়েছে।<br>২। রেলপথ পরিদর্শন অধিদপ্তর হতে ১ম, ২য়, ৩য় ও ৪র্থ কোয়ার্টার অনুযায়ী **রাজস্ব আয়ের প্রাপ্তি ১ ও ২** ফরমে , **পরিচালন ব্যয়ের গ-১** ফরমে তথ্য ও আইবাস রিপোর্ট **১৩.০৭.২০২৫** তারিখে পাওয়া গিয়েছে।<br>৩। বাংলাদেশ রেলওয়ে হতে ১ম, ২য়, ৩য় ও ৪র্থ কোয়ার্টার অনুযায়ী **রাজস্ব আয়ের প্রাপ্তি ১ ও ২** ফরমে তথ্য পাওয়া যায়নি। পরিচালন ব্যয় (সাধারণ কার্যক্রম) এর ১১৭ টি ডিডিওর **পরিচালন ব্যয়ের গ-১ তথ্য** পাওয়া যায়নি এবং আইবাস রিপোর্ট পাওয়া যায়নি। পরিচালন ব্যয় (বিশেষ কার্যক্রম) এর ৬০ টি বাজেট ইউনিটের **পরিচালন ব্যয়ের গ-১** ফরম অনুযায়ী তথ্য পাওয়া যায়নি।<br>৪। বাংলাদেশ রেলওয়ের ৩১ টি প্রকল্প তথ্য পাওয়া গেছে। তবে অর্থ বিভাগের নির্ধারিত ফরমে প্রকল্প ভিত্তিক **উন্নয়ন ব্যয়ের গ-২ তথ্য, ২০২৪-২৫ অর্থবছরের** প্রকল্প ভিত্তিক আইবাস রিপোর্ট পাওয়া যায়নি। |

| নং | সিদ্ধান্ত | বাস্তবায়ন অগ্রগতি |
|---|---|---|
| | | ৫। সিদ্ধান্ত অনুযায়ী ১৪ জুলাই ২০২৫ বিএমসি সভা অনুষ্ঠানের নোটিশ প্রেরণ করা হয়। |
| (খ) | বাংলাদেশ রেলওয়ের সকল বাজেট ইউনিট রাজস্ব আয়ের প্রতিটি খাতের অর্থনৈতিক কোড ভিত্তিক আয়ের লক্ষ্যমাত্রা নির্ধারণ ও কোয়ার্টারভিত্তিক অর্জনের অগ্রগতি রাজস্ব আয়ের প্রাপ্তি ১ ও ২ ফরমে প্রেরণ করতে হবে। ইতিমধ্যে মন্ত্রণালয় কর্তৃক ৭০ টি আয়ের খাত চিহ্নিত করা হয়েছে, এর পাশাপাশি অন্য কোন আয়ের খাত থাকলে তার অর্থনৈতিক কোড ভিত্তিক তথ্য সকল বাজেট ইউনিট প্রেরণ করিবে। যুগ্ম-মহাপরিচালক (অপারেশন), বাংলাদেশ রেলওয়ে এ বিষয়ে সার্বিক কার্যক্রম সমন্বয় করিবে। বাংলাদেশ রেলওয়ের যাত্রী আয় সহ সকল আয়ের অর্থ এ চালানের মাধ্যমে দ্রুততম সময়ে কোষাগারে জমা দিতে হবে। অনলাইন টিকিট বিক্রির মাধ্যমে প্রাপ্ত অর্থ সহজ-ভিনসেন কে দ্রুততম সময়ের মধ্যে টিএসএ তে জমাকরণের বিষয়ে ব্যবস্থা গ্রহণ করতে হবে। | অর্থ বিভাগের এনটিআর-১ শাখা হতে ০৩ অক্টোবর ২০২৪ তারিখ ০৮ নং স্মারকে প্রেরিত পরিপত্র অনুযায়ী নন-ট্যাক্স রেভিনিউ আদায়ের লক্ষ্যে আইবাস কর্তৃক ইতিমধ্যে ৭০ টি অর্থনৈতিক কোড 'এ চালানে' মহাপরিচালক, বাংলাদেশ রেলওয়ের খাতে অন্তর্ভুক্ত করা হয়েছে। পরিপত্র অনুযায়ী বাংলাদেশ রেলওয়ের যাত্রী আয় সহ সকল আয়ের অর্থ এ চালানের মাধ্যমে দ্রুততম সময়ে কোষাগারে জমা দিতে হবে। যুগ্ম-মহাপরিচালক (অপারেশন), বাংলাদেশ রেলওয়ে এ বিষয়ে সার্বিক কার্যক্রম সমন্বয় করছেন। অনলাইন টিকিট বিক্রির মাধ্যমে প্রাপ্ত অর্থ সহজ-ভিনসেন কে দ্রুততম সময়ের মধ্যে TSA (Tresury single Account) তে জমাকরণের বিষয়ে অনুরোধ করা হয়েছে। |
| (গ) | বাংলাদেশ রেলওয়ের সংশ্লিষ্ট সকল বাজেট ইউনিটকে ২০২৫-২৬ অর্থবছরের পরিচালন ব্যয় (বিশেষ কার্যক্রম) এর কোয়ার্টারভিত্তিক অর্থ বিভাজন, অর্থছাড় প্রস্তাব বা পুনঃউপযোজন এর ক্ষেত্রে মন্ত্রণালয়ে ০১ আগষ্ট ২০২৪ রেলপথ মন্ত্রণালয়ের স্মারক নং ৫৪.০০.০০০০.০৩৪.১৮.০০৭.২৪.১৬৩ অনুসরণে ২০২৪-২৫ অর্থবছরের এপিপি, কোয়ার্টারের অর্থনৈতিক কোডভিত্তিক ব্যয় বিবরণী, বিল বিবরণী, পিপিআর সামারি ও আইবাস কপি প্রমাণকসহকারে প্রস্তাব প্রেরণ করতে হবে। কোন অবস্থাতেই অনুমোদিত এপিপি ব্যতীত অর্থ ছাড় করা হবে না তা নিশ্চিত করতে হবে। পরিচালন ব্যয় (বিশেষ কার্যক্রম) এর বিভিন্ন অর্থনৈতিক কোডের আওতাভুক্ত ৬০ টি বাজেট ইউনিটকে ২০২৫-২৬ অর্থবছরের বাজেট পরিকল্পনা ও গৃহিত কাজের বিবরণ ও সম্ভাব্য অর্থ বরাদ্দের পরিমাণ আগামী ১৭ জুন ২০২৫ তারিখে মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে। | বাংলাদেশ রেলওয়ের সংশ্লিষ্ট ৬০ টি বাজেট ইউনিটকে ২০২৫-২৬ অর্থবছরের পরিচালন ব্যয় (বিশেষ কার্যক্রম) এর কোয়ার্টারভিত্তিক অর্থ বিভাজন, অর্থছাড় প্রস্তাব, এপিপিসহ বিগত ২০২৪-২৫ অর্থবছরের ব্যয়বিবরণী ২০ জুলাই ২০২৫ এর মধ্যে প্রেরণের জন্য মন্ত্রণালয় হতে পত্র দেয়া হয়েছে। ২০২৫-২৬ অর্থবছরের বাজেট পরিকল্পনা ও গৃহিত কাজের বিবরণ ও সম্ভাব্য অর্থ বরাদ্দের পরিমাণ ১৯ জুন ২০২৫ তারিখে মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে। |
| (ঘ) | পরিচালন ব্যয়ের সুনির্দিষ্ট কয়েকটি খাতে যেমন হাইস্পিড ইঞ্জিন ওয়েল, বিদ্যুত খাতে ব্যয় সংকোচন করতে হবে। বিদ্যুৎ চার্জ খাতে রেলওয়ের আয় আরো বৃদ্ধি করতে হবে। পরিচালন ব্যয় (বিশেষ কার্যক্রম) এর বিভিন্ন অর্থনৈতিক কোড যেমন রেলপথ, রেলইঞ্জিন, আবাসিক/অনাবাসিক খাত, স্টেশন ও কারখানা বিল্ডিং ইত্যাদি খাতে ব্যয়ের দ্বৈততা বা ডুপ্লিকেশন পরিহার করতে হবে। পরিচালন ব্যয়ের আওতায় আউটসোর্সিং বা টিএলআরখাতভুক্ত পরিচ্ছন্নতাকর্মী, অনবোর্ড সার্ভিস, ড্রাইভার, গেইটকিপার, বা ওয়ার্কশপে শ্রমিক নিযুক্তকরণ প্রতিটি ক্ষেত্রে ব্যাংক একাউন্টে অর্থ বিভাগের পরিপত্র অনুযায়ী সকল বাজেট ইউনিটকে ডিজিটাল পেমেন্ট নিশ্চিত করতে হবে। এ লক্ষ্যে সকল বাজেট ইউনিটকে ঠিকাদারের সাথে স্ট্যান্ডার্ড ফরমেটে চুক্তি করতে হবে। | পরিচালন ব্যয়ের আওতায় আউটসোর্সিং বা টিএলআর খাতভুক্ত পরিচ্ছন্নতাকর্মী, অনবোর্ড সার্ভিস, ড্রাইভার, গেইটকিপার, বা ওয়ার্কশপে শ্রমিক নিযুক্তকরণ প্রতিটি ক্ষেত্রে ব্যাংক একাউন্টে অর্থ বিভাগের পরিপত্র অনুযায়ী সকল বাজেট ইউনিটকে ডিজিটাল পেমেন্ট নিশ্চিত করার জন্য মন্ত্রণালয় হতে পত্র দেয়া হয়েছে। জ্বালানী ও বিদ্যুৎ খাতে ব্যয় সংকোচন বিষয়ে কোন তথ্য প্রেরণ করা হয়নি। |

| নং | সিদ্ধান্ত | বাস্তবায়ন অগ্রগতি |
|---|---|---|
| (ঙ) | সকল মন্ত্রণালয় ও বিভাগের ন্যায় বাংলাদেশ রেলওয়ের অবসর ভাতা সংক্রান্ত যাবতীয় কার্যক্রম অর্থ বিভাগ হতে পরিচালনা করার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | এ বিষয়ে রেলপথ মন্ত্রণালয় হতে অর্থ বিভাগে অনুরোধ পত্র প্রেরণ করা হয়েছে। |
| (চ) | বাজেট ব্যবস্থাপনা বিষয়ের উপর গতিশীলতা আনয়নের লক্ষ্যে যথারীতি বাংলাদেশ রেলওয়ের মহাপরিচালক কার্যালয়, পূর্বাঞ্চল এবং পশ্চিমাঞ্চলকে স্ব স্ব বাজেট ইউনিট সমন্বয়ে প্রতি মাসে বাজেট বিষয়ক সভা আহ্বান করতে হবে এবং সভার কার্যবিবরণী যথাশীঘ্র মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে। যথাসময়ে বাজেট সভা না করার উপযুক্ত কারণ ও ব্যখ্যা মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে। | বাংলাদেশ রেলওয়ের মহাপরিচালক কার্যালয়, পূর্বাঞ্চল এবং পশ্চিমাঞ্চল হতে কোন তথ্য প্রেরণ করা হয়নি। |
| (ছ) | বাজেট বাস্তবায়নে দক্ষতা অর্জনের লক্ষ্যে সচিবালয়, রেলপথ পরিদর্শন অধিদপ্তর, বাংলাদেশ রেলওয়ের সকল প্রতিষ্ঠান প্রধান/১০৮ টি বাজেট ইউনিট প্রধান সংশ্লিষ্ট কর্মকর্তা-কর্মচারী সমন্বয়ে নিয়মিতভাবে প্রশিক্ষণ মডিউল অনুযায়ী বাজেট বিষয়ক প্রশিক্ষণ বা সেমিনার/ওয়ার্কশপ আয়োজন করতে হবে। এতদসংক্রান্ত প্রতিবেদন নিয়মিতভাবে মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে। | রেলপথ মন্ত্রণালয় হতে বাংলাদেশ রেলওয়ের ৬০ টি বাজেট ইউনিট ও বাজেট সংশ্লিষ্ট কর্মকর্তা-কর্মচারী সমন্বয়ে ১৫ ও ১৬ জুন ২০২৫ দুটি বাজেট বিষয়ক প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। |
| (জ) | বাংলাদেশ রেলওয়ের সকল বাজেট ইউনিট রাজস্ব আয় ও পরিচালন ব্যয় সম্পর্কিত প্রতিবেদন, এপিপি, বিআইপি এবং জনবল, টিওএন্ডই, প্রশিক্ষণ, আউটসোর্সিং/টিএলআর সংক্রান্ত নির্ধারিত ছকে তথ্য হালনাগাদ করতে হবে। | এ বিষয়ে উল্লেখযোগ্য অগ্রগতি নেই। পরিবীক্ষণকালে অনেক বাজেট ইউনিটের কার্যালয় জনবল, টিওএন্ডই, প্রশিক্ষণ, আউটসোর্সিং/টিএলআর সংক্রান্ত নির্ধারিত ছকে তথ্য হালনাগাদ দেখা যায় নি। |
| (ঝ) | বাংলাদেশ রেলওয়ে প্রকল্প পরিচালকগণ যথানিয়মে অর্থ বিভাগের নির্দেশনা অনুযায়ী বাস্তবায়ন অগ্রগতির কোয়ার্টার ভিত্তিক প্রতিবেদন প্রেরণ করিবে। সরকারি অর্থ ও বাজেট ব্যবস্থাপনা আইন ২০০৯ এর ধারা-১৩, ১৪ ও ১৫ ধারা অনুযায়ী প্রকল্পের বাজেট বিষয়ক বরাদ্দ ছাড়, পুন উপযোজন, পরিবীক্ষণ কার্যক্রম বাস্তবায়ন করতে হবে। বাজেট পরিবীক্ষণ টিম কর্তৃক উন্নয়ন ব্যয়ের আওতাভূক্ত বিভিন্ন প্রকল্পের খাত ভিত্তিক/অর্থনৈতিক কোড ভিত্তিক বাজেট ব্যয়ের বাস্তবায়ন অগ্রগতি পরিবীক্ষণ ও মূল্যায়ন করে এর প্রতিবেদন মন্ত্রণালয়ের বাজেট ও পরিবীক্ষণ অনুবিভাগে প্রেরণ করতে হবে। | ২০২৫-২৬ অর্থবছর হতে প্রকল্পের বাজেট বিষয়ক বরাদ্দ ছাড়, পুন: উপযোজন, পরিবীক্ষণ কার্যক্রম বাজেট ও পরিবীক্ষণ অনুবিভাগ হতে শুরু করা হয়েছে।বাজেট পরিবীক্ষণ টিম কর্তৃক উন্নয়ন ব্যয়ের আওতাভুক্ত বিভিন্ন প্রকল্পের খাত ভিত্তিক/অর্থনৈতিক কোড ভিত্তিক বাজেট ব্যয়ের বাস্তবায়ন অগ্রগতি পরিবীক্ষণ ও মূল্যায়ন করে এর প্রতিবেদন মন্ত্রণালয়ের বাজেট ও পরিবীক্ষণ অনুবিভাগে প্রেরণ করার লক্ষ্যে অফিস আদেশ জারীর কার্যক্রম জুলাই/২৫ হতে নেয়া হবে। |
| (ট) | বাংলাদেশ রেলওয়ের **আয়-ব্যয় হিসাব নির্ধারণ পদ্ধতির কস্ট এসেসমেন্ট** বিষয়ে সচিব, রেলপথ মন্ত্রণালয় এর সভাপতিত্বে সভা আহ্বানের জন্য অতিরিক্ত মহাপরিচালক (অর্থ), বাংলাদেশ রেলওয়ে যথাশীঘ্র প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে। | অতিরিক্ত মহাপরিচালক (অর্থ), বাংলাদেশ রেলওয়ে হতে এ লক্ষ্যে কার্যক্রম গ্রহণ করা হয়েছে। |
| (ঠ) | আইবাস++ সিস্টেমে বা ম্যানুয়ালে A-Challan এর কপি অতিরিক্ত মহাপরিচালক (অর্থ) কর্তৃক সংরক্ষণ ও হিসাব নিয়মিতভাবে লেজারে অন্তর্ভুক্ত করতে হবে। প্রতি মাসে এর হিসাববিবরণী মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে। | অতিরিক্ত মহাপরিচালক (অর্থ), বাংলাদেশ রেলওয়ে হতে এ লক্ষ্যে কার্যক্রম গ্রহণ করা হয়েছে। |
| (ঢ) | রেলপথ মন্ত্রণালয়ের সংশোধিত ২০২৪২৫ অর্থবছরের বাজেট বাস্তবায়ন পরিকল্পনার ৩য় ত্রৈমাসিক (জানুয়ারি-মার্চ) বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সংক্রান্ত 'বাজেট ব্যবস্থাপনা কমিটি'র ২৭ মে ২০২৫ অনুষ্ঠিত সভার | 'বাজেট ব্যবস্থাপনা কমিটি'র ২৭ মে ২০২৫ অনুষ্ঠিত সভার কার্যবিবরণীর আলোকে গৃহীত সিদ্ধান্তের অগ্রগতি প্রতিবেদন আগামী ১৫ (পনের) কার্য দিবসের মধ্যে রেলপথ মন্ত্রণালয়ে প্রেরণ করা হয় নি। |

| নং | সিদ্ধান্ত | বাস্তবায়ন অগ্রগতি |
|---|---|---|
| | কার্যবিবরণীর আলোকে গৃহীত সিদ্ধান্তের অগ্রগতি প্রতিবেদন আগামী ১৫ (পনের) কার্য দিবসের মধ্যে রেলপথ মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে। | |

৩। **আলোচ্যসূচি-২: রেলপথ মন্ত্রণালয় এর সংশোধিত ২০২৪-২৫ অর্থবছরের ৪র্থ ত্রৈমাসিক (এপ্রিল-জুন) প্রকৃত অর্জন, রাজস্ব প্রাপ্তির লক্ষ্যমাত্রা ও বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা।**

৩.১ রেলপথ মন্ত্রণালয় এর সংশোধিত ২০২৪-২৫ অর্থবছরের বাজেটের বাস্তবায়ন অগ্রগতি নিম্নের সারণিতে দেখানো হলোঃ

**রেলপথ মন্ত্রণালয় এর ২০২৪-২৫ অর্থবছরের বাজেট বাস্তবায়ন সার-সংক্ষেপ**

(অংকসমূহ হাজার টাকায়)

| বিবরণ | বাজেট ২০২৪-২৫ | বাজেট (সংশোধিত) ২০২৪-২৫ | প্রকৃত ব্যয় | শতকরা হার |
|---|---|---|---|---|
| পরিচালন ব্যয় | ৪৩৪৬, ৪৬,১৫ | ৪৩৩৫,৯১,৮৩ | ৩৮৭৪,৫৬,৯৪ | ৮৯.৩৬% |
| উন্নয়ন ব্যয় | ১৩৭২৫,৬৪,০০ | ১০২২৭,৬১,০০ | ৭৭৪৬,৫৯,৭৩ | ৭৫.৭৪% |
| সর্বমোট= | ১৮০৭২,১০,১৫ | ১৪৫৬৩,৫২,৮৩ | ১১৬২১,১৬,৬৭ | ৭৯.৭৯% |
| রাজস্ব আয় ও প্রাপ্তি | | | | |
| লক্ষ্যমাত্রা | ২৮৮৪,৯৫,৯৫ | ২৮৮৪,৯৫,৯৫ | | |
| প্রকৃত অর্জন | - | ১৮৪৫,৭০,৪৫ (৬৩.৯৭%) | | |

৩.২ রেলপথ মন্ত্রণালয়ের বিগত ০৩ বছরের রাজস্ব আয়, পরিচালন ব্যয় ও উন্নয়ন ব্যয়ের তথ্য নিম্নের সারণিতে দেখানো হলোঃ

**রেলপথ মন্ত্রণালয়ের বিগত ০৩ বছরের রাজস্ব আয়, পরিচালন ব্যয় ও উন্নয়ন ব্যয়ের তথ্য**

(অংকসমূহ হাজার টাকা)

| খাতের নাম | ২০২২-২৩ | | ২০২৩-২৪ | | ২০২৪-২৫ | |
|---|---|---|---|---|---|---|
| | বরাদ্দ | প্রকৃত আয়/ব্যয় | বরাদ্দ | প্রকৃত আয়/ব্যয় | বরাদ্দ | প্রকৃত আয়/ব্যয় |
| রাজস্ব আয় | ২৩৬৮,০১,৫১ | ১৫৯১,৪৪,০০ (৬৮.৬০%) | ২১২৮,৩২,৪৭ | ১৯২৫,৮১,৮৬ (৯০.৪৮%) | ২৮৮৪,৯৫,৯৫ | ১৮৪৫,৭০,৪৫ (৬৩.৯৭%) |
| পরিচালন ব্যয় | ৩৮৮১,৬৬,৯২ | ৩৩১৮,৮৪,৭০ (৮৫.৫০%) | ৩৯৫৪,৩৭,৩৫ | ৩৫৫৬,৮৫,৬৮ (৮৯.৯৪%) | ৪৩৩৫,৯১,৮৩ | ৩৮৭৪,৫৬,৯৪ (৮৯.৩৬%) |
| উন্নয়ন ব্যয় | ১২৫৯৬,৪৭,০০ | ১১৩৮০,৩১,৯৪ (৯০.৩৪%) | ১৩১১৮,১২,০০ | ১১১৭৭,৬৪,৩৩ (৮৫.২০%) | ১০২২৭,৬১,০০ | ৭৭৪৬,৫৯,৭৩ (৭৫.৭৪%) |

৩.৩ রেলপথ মন্ত্রণালয় এর সংশোধিত ২০২৪-২৫ অর্থবছরের বাজেটের রাজস্ব প্রাপ্তির লক্ষ্যমাত্রা ও বাস্তবায়ন অগ্রগতি নিম্নের সারণিতে দেখানো হলোঃ

**রাজস্ব প্রাপ্তি**

(অংকসমূহ হাজার টাকায়)

| প্রতিষ্ঠানের নাম | বাজেট ২০২৪-২৫ (সংশোধিত) | বাজেট ২০২৪-২৫ ১ম কোয়ার্টার (প্রকৃত আয়) | বাজেট ২০২৪-২৫ ২য় কোয়ার্টার (প্রকৃত আয়) | সংশোধিত বাজেট ২০২৪-২৫ ৩য় কোয়ার্টার (প্রকৃত আয়) | সংশোধিত বাজেট ২০২৪-২৫ ৪র্থ কোয়ার্টার (সর্বমোট প্রকৃত আয়) |
|---|---|---|---|---|---|
| সচিবালয়, রেলপথ মন্ত্রণালয় | ৪,৯৫ | ১৮ | ৩১ | ৩৭ | ১,৩৯ |
| রেলপথ পরিদর্শন অধিদপ্তর | - | - | ২ | ২ | ৬ |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| সর্বমোট | ৪,৯৫ | ১৮ | ৩৩ | ৩৯ | ১,৪৫ |
| মহাপরিচালক, বাংলাদেশ রেলওয়ে (কেন্দ্রীয়াঞ্চল) | ১৬০,০০,০০ | ৩৮,৭৫,০০ | ৩০,৫৫,০০ | ৩৭,৩৯,০০ | ১৪৮,২৬,০০ |
| জেনারেল ম্যানেজার (পূর্ব) কার্যালয়সমূহ , বাংলাদেশ রেলওয়ে (পূর্বাঞ্চল) | ১৫৬৪,৯৫,০০ | ২০৬,১৫,০০ | ২৭৭,৩৯,০০ | ২৭৪,৯০,০০ | ১০৭৬,২২,০০ |
| জেনারেল ম্যানেজার (পশ্চিম) কার্যালয়সমূহ , বাংলাদেশ রেলওয়ে (পশ্চিমাঞ্চল) | ১১৫৯,৯৬,০০ | ১১৫,০৫,০০ | ১৬০,৮৭,০০ | ১৫৬,২৮,০০ | ৬২১,২১,০০ |
| সর্বমোট (বাংলাদেশ রেলওয়ে) | ২৮৮৪,৯১,০০ | ৩৫৯,৯৫,০০ | ৪৬৮,৮১,০০ | ৪৬৮,৬২,০০ | ১৮৪৫,৬৯,০০ |
| **সর্বমোট (রেলপথ মন্ত্রণালয়)** | **২৮৮৪,৯৫,৯৫** | **৩৫৯,৯৫,১৮ (১২.৪৭%)** | **৮২৮,৭৬,৩১ (ক্রমপুঞ্জিভূত) (৩৬.২৭%)** | **১২৯৭,৩৮,৬৮ (ক্রমপুঞ্জিভূত) (৪৪.৯৭%)** | **১৮৪৫,৭০,৪৫ (ক্রমপুঞ্জিভূত) ( ৬৩.৯৭%)** |

উপরের সারণী হতে দেখা যাচ্ছে যে, রেলপথ মন্ত্রণালয় এর সংশোধিত ২০২৪-২৫ অর্থবছরের বাজেটে রাজস্ব প্রাপ্তির লক্ষ্যমাত্রা ২৮৮৪,৯৫,৯৫,০০০ (দুই হাজার আটশত চুরাশি কোটি পঁচানব্বই লক্ষ পঁচানব্বই হাজার) টাকা এবং অর্জিত হয়েছে ১৮৪৫,৭০,৪৫,০০০ (এক হাজার আটশত পঁয়তাল্লিশ কোটি সত্তর লক্ষ পঁয়তাল্লিশ হাজার) টাকা যা মোট লক্ষ্যমাত্রার ৬৩.৯৭% ।

অতিরিক্ত সচিব (বাজেট ও পরিবীক্ষণ) জানান বাংলাদেশ রেলওয়ের যাত্রী আয় সহ সকল আয়ের অর্থ এ চালানের মাধ্যমে দ্রুততম সময়ে কোষাগারে জমা দিতে হবে। ঢাকা রেলস্টেশনের অর্জিত আয় রিয়েল টাইমে ট্রেজারি সিংগেল একাউন্ট (টিএসএ) এ ট্রান্সফার করার লক্ষ্যে পরীক্ষামূলক ভাবে আইবাস++, বিআর (এডিজি (আই) এবং এডিজি (অর্থ) ও মন্ত্রণালয়ের সমন্বয়ে একটি টিম গঠন করা যেতে পারে। যাত্রী আয় বিশেষ করে সহজ-ভিনসেন কর্তৃক প্রাপ্ত আয়, স্টেশন হতে নগদ আয় , ট্রেনের জরিমানা বাবদ আদায় প্রতিটি ক্ষেত্রে ২৪ ঘন্টা বা অতিদ্রুত **"এ চালান"** এর মাধ্যমে সরকারি কোষাগারে অর্থ জমা দিতে হবে। বাংলাদেশ রেলওয়ের রাজস্ব আয়কে আইবাস++ অন্তর্ভুক্ত করার লক্ষ্যে বাংলাদেশ রেলওয়ের এফএ এন্ড সিএও , চট্টগ্রাম ও আইবাস টিম কে দ্রুত প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করা প্রয়োজন। ভূ-সম্পত্তি আয়, মালামাল পরিবহন ও অপটিক্যাল ফাইবার খাত হতে রাজস্ব আদায় বৃদ্ধি করতে হবে। এ জন্য বাংলাদেশ রেলওয়ের সামস্টিক পরিকল্পনা প্রয়োজন।

অতিরিক্ত মহাপরিচালক (অপারেশন) জানান বিগত ২০২৩-২৪ অর্থবছরে রাজস্ব আয় ১৯২৫.৮১ কোটি টাকা হলেও ২০২৪-২৫ অর্থবছরে রাজস্ব আয় ১৮৪৫.৭০ কোটি টাকা অর্জিত হয়েছে। বিগত ২০২৪ জুলাই ও আগস্টে রাজনৈতিক অস্থিরতায় ট্রেন চলাচল বিঘ্ন ঘটা, পাশ্ববর্তী দেশের সাথে আন্তর্জাতিক রুটের তিনটি ট্রেন বন্ধ থাকা এবং মালামাল পরিবহন কমে যাওয়ায় এ খাতে আয় হ্রাস ও কন্টেইনার পরিবহন কমে যাওয়ায় সার্বিকভাবে ২০২৪-২৫ অর্থবছরের আয় কমে যায়।

অতিরিক্ত মহাপরিচালক (অর্থ) জানান বাংলাদেশ রেলওয়ের এফএ এন্ড সিএও, চট্টগ্রাম ও আইবাস টিম সমন্বয়ে বাংলাদেশ রেলওয়ের যাত্রী আয় সহ সকল আয়ের অর্থনৈতিক কোড ভিত্তিক একাউন্টিং ইন্টিগ্রেশনের কার্যক্রম চলমান রয়েছে। সভাপতি এ বিষয়ে সার্বিক অগ্রগতির উপর আগামী সেপ্টেম্বর মাসের পূর্বে পাওয়ারপয়েন্ট উপস্থাপনার জন্য অনুরোধ জানান।

**০৪। <u>আলোচ্যসূচি-৩:</u> রেলপথ মন্ত্রণালয় এর সংশোধিত ২০২৪-২৫ অর্থবছরের ৪র্থ ত্রৈমাসিক (এপ্রিল-জুন) পরিচালন বাজেট বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা।**

সংশোধিত ২০২৪-২৫ অর্থবছরের ৪র্থ ত্রৈমাসিক (এপ্রিল-জুন) রেলপথ মন্ত্রণালয়ের পরিচালন বাজেটের আলোকে অধীনস্থ দপ্তর/পরিদপ্তর হিসেবে সচিবালয়, রেলপথ পরিদর্শন অধিদপ্তর ও বাংলাদেশ রেলওয়েভুক্ত ১১৭ টি বাজেট ইউনিটের প্রকৃত ব্যয় সংক্রান্ত ছক নিম্নরূপ:

৪.১ সংশোধিত ২০২৪-২৫ অর্থবছরের ৪র্থ ত্রৈমাসিক (এপ্রিল-জুন) পরিচালন ব্যয় অগ্রগতি

**<u>পরিচালন ব্যয়</u>**

(অংকসমূহ হাজার টাকায়)

| প্রতিষ্ঠানের নাম | সংশোধিত বাজেট ২০২৪-২৫ | বাজেট ২০২৪-২৫ ১ম কোয়ার্টার (প্রকৃত ব্যয়) | বাজেট ২০২৪-২৫ ২য় কোয়ার্টার (প্রকৃত ব্যয়) | সংশোধিত বাজেট ২০২৪-২৫ ৩য় কোয়ার্টার (প্রকৃত ব্যয়) | সংশোধিত বাজেট ২০২৪-২৫ ৪র্থ কোয়ার্টার (প্রকৃত ব্যয়) |
|---|---|---|---|---|---|
| সচিবালয়, রেলপথ মন্ত্রণালয় | ১৪,৭৪,৯০ | ১,৯৫,৮৫ | ৩,০১,৬৮ | ৩,৮২,৭৪ | ২,৯২,৮২ |
| রেলপথ পরিদর্শন অধিদপ্তর | ৭০,৩৩ | ১৯,৩৯ | ১৭,৪৫ | ৯,৬০ | ১৭,৪০ |
| বাংলাদেশ রেলওয়ে | ৪৩২০,৪৬,৬০ | ১০০৭,২৫,২৩ | ১০৪৯,৬৫,৭৫ | ৮৫৮,৭১,৪০ | ৯৪৬,৫৭,৬৩ |
| **সর্বমোট (রেলপথ মন্ত্রণালয়)** | **৪৩৩৫,৯১,৮৩** | **১০০৯,৪০,৪৭ (২৩.২২%)** | **১০৫২,৮৪,৮৮** | **৮৬২,৬৩,৭৪** | **৯৪৯,৬৭,৮৫** |
| **ক্রমপুঞ্জিভুত ব্যয়** | - | - | **২০৬২,২৫,৩৫ (৪৭.৪২%)** | **২৯২৪,৮৯,০৯ (৬৭.৩৬%)** | **৩৮৭৪,৫৬,৯৪ (৮৯.৩৬%)** |

৪.২ সংশোধিত ২০২৪-২৫ অর্থবছরের ৪র্থ ত্রৈমাসিক (এপ্রিল-জুন) পরিচালন ব্যয় (সাধারণ কার্যক্রম) অগ্রগতি

**<u>পরিচালন ব্যয় (সাধারণ কার্যক্রম)</u>**

(অংকসমূহ হাজার টাকায়)

| প্রতিষ্ঠানের নাম | সংশোধিত বাজেট ২০২৪-২৫ | বাজেট ২০২৪-২৫ ১ম কোয়ার্টার (প্রকৃত ব্যয়) | বাজেট ২০২৪-২৫ ২য় কোয়ার্টার (প্রকৃত ব্যয়) | সংশোধিত বাজেট ২০২৪-২৫ ৩য় কোয়ার্টার (প্রকৃত ব্যয়) | সংশোধিত বাজেট ২০২৪-২৫ ৪র্থ কোয়ার্টার (প্রকৃত ব্যয়) |
|---|---|---|---|---|---|
| সচিবালয়, রেলপথ মন্ত্রণালয় | ১৪,৭৪,৯০ | ১,৯৫,৮৫ | ৩,০১,৬৮ | ৩,৮২,৭৪ | ২,৯২,৮২ |
| রেলপথ পরিদর্শন অধিদপ্তর | ৭০,৩৩ | ৮৫ | ১৭,৪৫ | ৯,৬০ | ১৭,৪০ |
| বাংলাদেশ রেলওয়ে | ১৭১৩,৪৮,১০ | ৩১২,৮২,৫২ | ২৯৮,২৭,১১ | ৩৯০,৫৪,৫২ | ৩৭৯,৬৮,৪৮ |
| **সর্বমোট (রেলপথ মন্ত্রণালয়)** | **১৭২৮,৯৩,৩৩** | **৩১৪,৭৯,২২** | **৩০১,৪৬,২৪** | **৩৯৪,৪৬,৮৬** | **৩৮২,৭৮,৭০** |
| **ক্রমপুঞ্জিভুত ব্যয়** | | **৩১৪,৭৯,২২ (১৯.৬০%)** | **৬১৬,২৫,৪৬ ৩৫.৬৪%** | **১০১০,৭২,৩২ ৫৮.৫৪%** | **১৩৯৩,৫১,০২ ৮০.৬০%** |

৪.৩ সংশোধিত ২০২৪-২৫ অর্থবছরের ৪র্থ ত্রৈমাসিক (এপ্রিল-জুন) পরিচালন ব্যয় (বিশেষ কার্যক্রম) অগ্রগতি

**পরিচালন ব্যয় (বিশেষ কার্যক্রম)**

(অংকসমূহ হাজার টাকায়)

| প্রতিষ্ঠানের নাম | সংশোধিত বাজেট ২০২৪-২৫ | বাজেট ২০২৪-২৫ ১ম কোয়ার্টার (প্রকৃত ব্যয়) | বাজেট ২০২৪-২৫ ২য় কোয়ার্টার (প্রকৃত ব্যয়) | সংশোধিত বাজেট ২০২৪-২৫ ৩য় কোয়ার্টার (প্রকৃত ব্যয়) | সংশোধিত বাজেট ২০২৪-২৫ ৪র্থ কোয়ার্টার (প্রকৃত ব্যয়) |
|---|---|---|---|---|---|
| সচিবালয়, রেলপথ মন্ত্রণালয় | | - | - | - | - |
| রেলপথ পরিদর্শন অধিদপ্তর | | - | - | - | - |
| বাংলাদেশ রেলওয়ে | ২৬০৬,৯৮,৫০ | ৬৯৪,৪২,৭১ | ৭৫১,৩৮,৬৪ | ৪৬৪,২৪,৫৪ | ৫৬৬,৮৯,১৫ |
| **সর্বমোট (রেলপথ মন্ত্রণালয়)** | ২৬০৬,৯৮,৫০ | **৬৯৪,৪২,৭১ (২৬.৫৫%)** | **১৪৪৫,৮১,৩৫ (৫১.৪৬%) (ক্রমপুঞ্জিভুত)** | **১৯১০,০৫,৮৯ (৭৩.২৬%) (ক্রমপুঞ্জিভুত)** | **২৪৭৬,৯৫,০৪ (৯৫.০১%) (ক্রমপুঞ্জিভুত)** |

৪.৪ সংশোধিত ২০২৪-২৫ অর্থবছরের ৪র্থ ত্রৈমাসিক (এপ্রিল-জুন) পরিচালন (বিশেষ কার্যক্রম) অপারেশন কোডভিত্তিক ব্যয় অগ্রগতি

**পরিচালন ব্যয় ( বিশেষ কার্যক্রম) অপারেশন কোডভিত্তিক ব্যয়**

(অংকসমূহ হাজার টাকায়)

| অপারেশন কোড | সংশোধিত বাজেট ২০২৪-২৫ | সংশোধিত বাজেট ২০২৪-২৫ (প্রকৃত ব্যয়) |
|---|---|---|
| ১। অবসরভাতা ভ্যবস্থাপনা (১২০০০০৯০০) | ১০৮০,৩৫,০০ | ৯৮৮,৫৪,৮৮ |
| ২। পরিচালন কার্যক্রম (১২০০০২৮০২) | ৪৮৫,৯৫,০০ | ৪৮১,৯৩,৮৪ |
| ৩। মেরামত ও রক্ষণাবেক্ষণ কার্যক্রম (১২০০০২৮০৩) | ৫২৫,৯৬,১৬ | ৪৯৩,৭৮,৪১ |
| ৪। মুলধনী অনিশ্চিত হিসাব কার্যক্রম (১২০০০২৮০৫) | ২৫০,০০,০০ | ২৪৭,৫৩,৬৫ |
| ৫। সম্পদ সংগ্রহ ব্যবস্থাপনা কার্যক্রম (১২০০০২৮০৬) | ২৬৪,৭২,৩৪ | ২৫৫,১৪,২৪ |
| **সর্বমোট (রেলপথ মন্ত্রণালয়)** | **২৬০৬,৯৮,৫০** | **২৪৭৬,৯৫,০২ (৯৫.০১%)** |

সভায় উল্লেখ করা হয় রেলপথ মন্ত্রণালয় এর সংশোধিত ২০২৪-২৫ অর্থবছরের বাজেটে পরিচালন ব্যয়ের লক্ষ্যমাত্রা ৪৩৩৫,৯১,৮৩,০০০ (চার হাজার তিনশত পঁয়ত্রিশ কোটি একানব্বই লক্ষ তিরাশি হাজার) টাকা এবং প্রকৃত ব্যয় হয়েছে ৩৮৭৪,৫৬,৯৪,০০০ ( তিন হাজার আটশত চুয়াত্তর কোটি ছাপ্পান্ন লক্ষ চুরানব্বই হাজার) টাকা যা লক্ষ্যমাত্রার ৮৯.৩৬%।

সভায় উপসচিব (বাস্তবায়ন, পরিবীক্ষণ ও মূল্যায়ন) জানান ২০২৪-২৫ অর্থবছরে বাংলাদেশে রেলওয়ের অনেক বাজেট ইউনিট বিভিন্ন অর্থনৈতিক কোডের খাতে যথাযথভাবে অর্থ ব্যয় সম্পন্ন করতে পারেনি। সংশোধিত ২০২৪-২৫ অর্থবছরের প্রশিক্ষণ খাতে বরাদ্দ থাকা সত্তেও ১৪ টি বাজেট ইউনিট কোন অর্থ ব্যয় করেনি। পরিচালন সাধারণ ব্যয়ের মুলধন খাতে অনেক বাজেট ইউনিট কোন ব্যয় করতে পারেনি। পরিচালন বিশেষ কার্যক্রমের আওতায় অনেক বাজেট ইউনিট পরিচালন, মেরামত ও সম্পদ সংগ্রহ খাতে যথাযথভাবে অর্থ ব্যয় সম্পন্ন করতে পারেনি। অনেক বাজেট ইউনিট বাজেট বাস্তবায়ন যথাযথভাবে পরিকল্পনা অনুযায়ী করতে না পারায় পুনঃ উপযোজন প্রস্তাব অনেক বেশি অর্থ বিভাগে অনুমোদনের জন্য প্রেরণ করতে হয়েছে।

অতিরিক্ত সচিব (বাজেট ও পরিবীক্ষণ) জানান বাজেট পরিকল্পনার আলোকে এপিপি (বার্ষিক ক্রয় পরিকল্পনা) চূড়ান্ত করে ২০২৫-২৬ অর্থ বছরের পরিচালন (বিশেষ কার্যক্রম) প্রস্তাব ২০ জুলাই ২০২৫ এর মধ্যে মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে। আউটসোর্সিং/টিএলআর খাতের বাজেট নিশ্চিত করার লক্ষ্যে অর্থ বিভাগ কর্তৃক অনুমোদিত সংখ্যা বাজেট ইউনিট অনুকূলে বিভাজন করে তা অতিদ্রুত মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে। জ্বালানী তেলের ব্যবহার এর ক্ষেত্রে স্বচ্ছতা আনায়নের লক্ষ্যে বিশেষ মনিটরিং এর ব্যবস্থা গ্রহণ করা যেতে পারে। পরিচালন ব্যয় হতে বিদ্যুৎ খাতে ২০২৪-২৫ অর্থবছরে বরাদ্দ প্রদান করা হয় ১১৭ কোটি টাকা কিন্তু বিদ্যুৎ চার্জ খাতে রেলওয়ের আয় মাত্র ২৭.৪৫ কোটি টাকা। বিশেষ মনিটরিং এর মাধ্যমে এ অংশে ব্যয় সংকোচন ও আয় বৃদ্ধির ব্যবস্থা নেয়া প্রয়োজন। ২০২৫-২৬ অর্থবছরের সংশোধিত বাজেট, প্রাক্কলন বাজেট প্রস্তুতকরণ ও পুন:উপযোজন বিষয়ে বাজেট ইউনিটদের বিশেষ সর্তকতা অবলম্বন করা প্রয়োজন। এ লক্ষ্যে বাংলাদেশ রেলওয়ের মহাপরিচালক এর কার্যালয়, পূর্বাঞ্চল এবং পশ্চিমাঞ্চল হতে বিশেষ প্রশিক্ষণের আয়োজন করা প্রয়োজন। রেলপথ মন্ত্রণালয়ের পরিকল্পনা ও উন্নয়ন অনুবিভাগ হতে প্রকল্প পরিচালকগণের প্রয়োজনীয় প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণ করা প্রয়োজন। সিপিএলও এ ধরণের প্রশিক্ষণের বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা যেতে পারে।

সভাপতি যথাযথভাবে পরিচালন ব্যয়ের বাস্তবায়ন করতে না পারায় অসন্তোষ প্রকাশ করেন এবং এ বিষয়ে সংশ্লিষ্ট বাজেট ইউনিটকে ব্যাখ্যা প্রদানের জন্য অনুরোধ করেন। প্রশিক্ষণ খাতে মন্ত্রণালয়, মহাপরিচালক এর কার্যালয়, পূর্বাঞ্চল এবং পশ্চিমাঞ্চল হতে বিশেষ বরাদ্দ অনুমোদনে সংশোধিত বাজেট, প্রাক্কলন বাজেট প্রস্তুতকরণের পূর্বে প্রকল্প পরিচালকসহ রেলওয়ের বাজেট ইউনিটসমূহের সমন্বয়ে বাজেট বিষয়ক প্রশিক্ষণের আয়োজন করার অনুরোধ জানান। সঠিকভাবে বাজেট প্রণয়নের জন্য প্রয়োজনে বাজেট ইউনিট সংখ্যা হ্রাস করা যেতে পারে মর্মে অনুরোধ জানান।

**০৫। <u>আলোচ্যসূচি-৪:</u> রেলপথ মন্ত্রণালয় এর সংশোধিত ২০২৪-২৫ অর্থবছরের ৪র্থ ত্রৈমাসিক (এপ্রিল-জুন) উন্নয়ন বাজেট বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা**

৫.১ সংশোধিত ২০২৪-২৫ অর্থবছরের ৪র্থ ত্রৈমাসিক (এপ্রিল-জুন) রেলপথ মন্ত্রণালয়ের উন্নয়ন বাজেটের আলোকে অধীনস্থ বাংলাদেশ রেলওয়ের ৩১ টি প্রকল্পের প্রকৃত ব্যয় সংক্রান্ত ছক নিম্নরূপ:

**উন্নয়ন ব্যয়**

(অংকসমূহ হাজার টাকায়)

| প্রতিষ্ঠানের নাম | সংশোধিত বাজেট ২০২৪-২৫ | | বাজেট ২০২৪-২৫ ১ম কোয়ার্টার (প্রকৃত ব্যয়) | | বাজেট ২০২৪-২৫ ২য় কোয়ার্টার (প্রকৃত ব্যয়) | | বাজেট ২০২৪-২৫ ৩য় কোয়ার্টার (প্রকৃত ব্যয়) | | বাজেট ২০২৪-২৫ চূড়ান্ত (প্রকৃত ব্যয়) | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | জিওবি | ডিপিএল | জিওবি | ডিপিএল | জিওবি | ডিপিএল | জিওবি | ডিপিএল | জিওবি | ডিপিএল |
| সচিবালয়, রেলপথ মন্ত্রণালয় | ১৮৪,২২,০০ (সংরক্ষিত) | ৪১৬,০৩,০০ | - | - | - | - | | | | |
| রেলপথ পরিদর্শন অধিদপ্তর | - | - | - | - | - | - | | | | |
| বাংলাদেশ রেলওয়ে | ৪২৮০,৬৫,০০ | ৫৯৪৬,৯৬,০০ | ২০৪,৪৪,৩৮ | ৮২০,৪১,৯৭ | ৫৫৯,৪৫,৫৮ | ২০৫৩,৯৪,৭৮ | ৬৩৬,৮৯,৩৫ | ২৭০৯,০২,০০ | ৩১৮৪৫৬১৭ | ৪৫৬২,০৩,৫৬ |
| সর্বমোট (বাংলাদেশ রেলওয়ে) | ১০২২৭,৬১,০০ | | ১০২৪,৮৬,৩৫ | | ২৬১৩,৪০,৩৬ (ক্রমপুঞ্জিভুত) | | ৩৩৪৫,৯১,৪৯ (ক্রমপুঞ্জিভুত) | | ৭৭৪৬,৫৯,৭৩ (মোট ব্যয়) | |
| **সর্বমোট (রেলপথ মন্ত্রণালয়)** | ১০২২৭,৬১,০০ | | (৭.৪৬%) | | ১৯.৯১% | | ৩২.৭১% | | ৭৫.৭৪% | |

সভায় উল্লেখ করা হয় রেলপথ মন্ত্রণালয় এর ২০২৪-২৫ অর্থবছরের বাজেটে উন্নয়ন ব্যয়ের লক্ষ্যমাত্রা ১০২২৭,৬১,০০,০০০ (দশ হাজার দুইশত সাতাশ কোটি একষট্টি লক্ষ) টাকা। এতে প্রকৃত ব্যয় হয়েছে ৭৭৪৬,৫৯,৭৩,০০০ (সাত হাজার সাতশত ছেচল্লিশ কোটি উনষাট লক্ষ তিয়াত্তর হাজার) টাকা যা লক্ষ্যমাত্রার ৭৫.৭৪%।

উপসচিব (বাস্তবায়ন, পরিবীক্ষণ ও মূল্যায়ন) সভায় জানান উন্নয়ন ব্যয়ের আইবাস রিপোর্ট প্রেরণ করা হয়নি। অর্থনৈতিক কোড ভিত্তিক সংশ্লিষ্ট ৩১ টি প্রকল্পের প্রকল্প পরিচালকগণ হতে যথানিয়মে অর্থ বিভাগের নির্দেশনা অনুযায়ী বাস্তবায়ন অগ্রগতির গ-২ ফরমে কোয়ার্টার ভিত্তিক প্রতিবেদন প্রেরণ হয় না। সরকারি অর্থ ও বাজেট ব্যবস্থাপনা আইন ২০০৯ এর ধারা-১৩, ১৪ ও ১৫ ধারা অনুযায়ী প্রকল্পের বাজেট বিষয়ক বরাদ্দ ছাড়, পুন উপযোজন, পরিবীক্ষণ কার্যক্রম নির্দেশনা থাকায় প্রকল্পসমূহে এ ধরনের কার্যক্রম গ্রহণ করা প্রয়োজন।

০৬। **আলোচ্যসূচি-৫: রেলপথ মন্ত্রণালয় এর সংশোধিত ২০২৪-২৫ অর্থবছরের ৪র্থ ত্রৈমাসিক (এপ্রিল-জুন) পুনঃউপযোজন অগ্রগতি পর্যালোচনা**

রেলপথ মন্ত্রণালয় এর সংশোধিত ২০২৪-২৫ অর্থবছরের ৪র্থ ত্রৈমাসিক (এপ্রিল-জুন) এর পুন:উপযোজন সংক্রান্ত মোট অফিস আদেশ হয় ১৩ টি এবং এতে মোট অর্থের পরিমাণ ৪২.৪৬ কোটি টাকা অনুমোদন করা হয়।

**সংশোধিত ২০২৪-২৫ অর্থবছরের পুন:উপযোজনের সারসংক্ষেপ (৪র্থ কোয়ার্টার)**

(অংকসমূহ হাজার টাকা)

| ক্র:নং | বাংলাদেশ রেলওয়ের প্রস্তাব<br>স্মারক ও তারিখ | রেলপথ মন্ত্রণালয় কর্তৃক অনুমোদিত অর্থ | অর্থ বিভাগ কর্তৃক অনুমোদিত অর্থ | বাজেট ইউনিটের সংখ্যা |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৪ | ৫ | ৬ |
| ১. | স্মারক নং-১৪৩ তারিখ: ১২ মে ২০২৫ | ১৭,৯৫ | ১৭,৯৫ | ০৩টি |
| ২. | স্মারক নং-১৪৮ তারিখ: ১৮ মে ২০২৫ | ১৬,০০,০০ | ১৬,০০,০০ | ০১টি |
| ৩ | স্মারক নং-১৪৯ তারিখ: ১৮ মে ২০২৫ | ৩,৩৬,৩১ | ৩,৩৬,৩১ | ১৪টি |
| ৪ | স্মারক নং-১৫৪ তারিখ: ২১ মে ২০২৫ | ৫,১২,৫০ | ৫,১২,৫০ | ২৩টি |
| ৫ | স্মারক নং-১৮০ তারিখ: ২৯ মে ২০২৫ | ১১০ | ১১০ | ০১টি |
| ৬ | স্মারক নং-১৮১ তারিখ: ০১ জুন ২০২৫ | ২,৩৬,০২ | ২,৩৬,০২ | ৩৬টি |
| ৭ | স্মারক নং-১৮৭ তারিখ: ০২ জুন ২০২৫ | ১,৫০ | ১,৫০ | ০১টি |
| ৮ | স্মারক নং-১৮৯ তারিখ: ০২ জুন ২০২৫ | ৭,৯২ | ৭,৯২ | ০১টি |
| ৯ | স্মারক নং-১৯২ তারিখ: ০৩ জুন ২০২৫ | ৪,০০ | ৪,০০ | ০২টি |
| ১০ | স্মারক নং-১৯৭ তারিখ: ১৫ জুন ২০২৫ | ১৪,১৫,১৬ | ১৪,১৫,১৬ | ১৬টি |
| ১১ | স্মারক নং-১৯৮ তারিখ: ১৫ জুন ২০২৫ | ৪,৫৫ | ৪,৫৫ | ০১টি |
| ১২ | স্মারক নং-২০০ তারিখ: ১৬ জুন ২০২৫ | ২৬,৩০ | ২৬,৩০ | ০৩টি |
| ১৩ | স্মারক নং-২০২ তারিখ: ১৭ জুন ২০২৫ | ৮৩,৩০ | ৮৩,৩০ | ০৯টি |
| | **সর্বমোট=** | **৪২,৪৬,৬১** | **৪২,৪৬,৬১** | **১১৭ টি** |

০৭। **বিবিধ আলোচনা:**

অতিরিক্ত সচিব (বাজেট ও পরিবীক্ষণ) জানান সঠিকভাবে বাজেট পরিকল্পনা প্রণয়ন ও এর আলোকে এপিপি (বার্ষিক ক্রয় পরিকল্পনা) চূড়ান্ত করে পরিচালন ব্যয় (বিশেষ কার্যক্রম) এর বিভিন্ন ৫০টি অর্থনৈতিক কোডের আওতাভুক্ত ৬০ টি বাজেট ইউনিটকে ২০২৫-২৬ অর্থবছরের কাজের বিবরণ ও সম্ভাব্য অর্থ বরাদ্দের পরিমাণ মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে। কোন প্রকার বকেয়া বা Carry Over এপিপি অনুমোদন ব্যতীত অর্থ ছাড় করা হবে না। পরিচালন ব্যয়ের ক্ষেত্রে যে সকল বাজেট ইউনিট কোন অর্থনৈতিক কোডের ব্যয় করতে সক্ষম না হলে তার অর্থ পুনঃবন্টন বা পুনঃ উপযোজনের মাধ্যমে গুরুত্বপূর্ণ বাজেট ইউনিটকে বা প্রয়োজনীয় কোডে স্থানান্তর করা যেতে পারে। মহাপরিচালক, বাংলাদেশ রেলওয়ে এবং মহাব্যবস্থাপক, পূর্বাঞ্চল/পশ্চিমাঞ্চল কে তার অধীনস্থ ১০৮ টি বাজেট ইউনিট সমন্বয়ে প্রতিমাসে নিয়মিতভাবে বাজেট সভা ও কার্যবিবরণী মন্ত্রণালয়ে প্রেরণ করা প্রয়োজন। বাংলাদেশ রেলওয়ের সকল বাজেট ইউনিটকে প্রশিক্ষণ মডিউল অনুসারে নিজস্ব প্রশিক্ষণ খাতের অর্থ দ্বারা প্রশিক্ষণ সম্পন্ন করা প্রয়োজন।

উপসচিব (বাস্তবায়ন, পরিবীক্ষণ ও মুল্যায়ন) সভায় জানান জানুয়ারি ২০২৫ হতে বাজেট ও পরিবীক্ষণ অনুবিভাগ হতে বাংলাদেশ রেলওয়ের ১১৭ টি বাজেট ইউনিটের রাজস্ব আয় ও পরিচালন ব্যয়ের বিভিন্ন অর্থনৈতিক কোডভিত্তিক পরিবীক্ষণ ও মুল্যায়ন কার্যক্রম শুরু হয়। এ সময় সংশ্লিষ্ট বাজেট ইউনিটের আয় ও ব্যয়ের কার্যক্রমের পাশাপাশি জনবল সংক্রান্ত তথ্য, প্রশিক্ষণ মডিউল, টিওএন্ডই, আর্থিক বিধান অনুযায়ী রেজিস্টার সংরক্ষণ ইত্যাদি বিষয়সমূহ দেখা হয়। ২০২৫-২৬ অর্থবছর হতে প্রকল্প সমূহে পরিবীক্ষণ ও মুল্যায়ন কার্যক্রম শুরু করা হবে। এ সংক্রান্ত অফিস আদেশ জুলাই মাসে জারী করা প্রয়োজন। পরিচালন ব্যয় (বিশেষ কার্যক্রম) এর প্রকৃত চাহিদা প্রেরণের জন্য বিভিন্ন ৫০টি অর্থনৈতিক কোডের আওতাভুক্ত ৬০ টি বাজেট ইউনিটকে অনুরোধ করা যেতে পারে। জ্বালানী খাতে ও স্টোর পারচেজ খাতে বরাদ্দ বৃদ্ধি প্রয়োজন এবং বাজেট প্রস্তুতকরণের সময় যৌক্তিকতা ও প্রমাণক দাখিল করতে বাজেট ইউনিটকে অনুরোধ করা যেতে পারে।

০৯। অতঃপর বিস্তারিত আলোচনান্তে সভায় নিম্নরূপ সিদ্ধান্তসমূহ গৃহীত হয়ঃ

| নং | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী বিভাগ/সংস্থা |
|---|---|---|
| (ক) | অর্থ বিভাগ এর নির্দেশনা অনুযায়ী অর্থনৈতিক কোড ভিত্তিক ১ম, ২য়, ৩য় ও ৪র্থ কোয়ার্টার এর রাজস্ব আয়ের প্রাপ্তি ১ ও ২ ফরমে , পরিচালন ব্যয়ের গ-১ ফরমে, উন্নয়ন ব্যয়ের গ-২ যথাযথভাবে সচিবালয়, রেলপথ পরিদর্শন অধিদপ্তর, বাংলাদেশ রেলওয়ের সকল প্রতিষ্ঠান প্রধান/১০৮ টি বাজেট ইউনিট ও প্রকল্প পরিচালকদের নির্ধারিত সময়ে তথ্য ও আইবাস রিপোর্ট প্রেরণ করতে হবে। প্রতি কোয়ার্টার সমাপ্তির পরবর্তী ০৭ (সাত) কার্যদিবসের মধ্যে মন্ত্রণালয়ে হার্ডকপি ও সফটকপি প্রেরণ করতে হবে। ২০২৫-২৬ অর্থবছরের ১ম ত্রৈমাসিক (জুলাই-সেপ্টেম্বর) এর বাজেট ব্যবস্থাপনা কমিটির (বিএমসি) সভার তারিখ আগামী ১৪ অক্টোবর ২০২৫ নির্ধারণ করা হলো এবং এ অনুযায়ী সভার নোটিশ প্রেরণ করতে হবে। | ১। মহাপরিচালক, বাংলাদেশ রেলওয়ে<br>২। মহাব্যবস্থাপক, পূর্বাঞ্চল/পশ্চিমাঞ্চল, বাংলাদেশ রেলওয়ে<br>৩। জিআইবিআর, রেলপথ পরিদর্শন অধিদপ্তর,<br>৪। উপসচিব, প্রশাসন-৪ , রেলপথ মন্ত্রণালয়<br>৫। উপসচিব, বাস্তবায়ন, পরিবীক্ষন ও মুল্যায়ন অধিশাখা<br>৬। প্রকল্প পরিচালক (সকল),বাংলাদেশ রেলওয়ে |
| (খ) | বাংলাদেশ রেলওয়ের সকল বাজেট ইউনিট রাজস্ব আয়ের প্রতিটি খাতের অর্থনৈতিক কোড ভিত্তিক আয়ের লক্ষ্যমাত্রা নির্ধারণ ও কোয়ার্টারভিত্তিক অর্জনের অগ্রগতি রাজস্ব আয়ের প্রাপ্তি ১ ও ২ ফরমে প্রেরণ করতে হবে। ইতিমধ্যে মন্ত্রণালয় কর্তৃক ৭০ টি আয়ের খাত চিহ্নিত করা হয়েছে, এর পাশাপাশি অন্য কোন আয়ের খাত থাকলে তার অর্থনৈতিক কোড ভিত্তিক তথ্য সকল বাজেট ইউনিট প্রেরণ করতে হবে। যুগ্ম-মহাপরিচালক (অপারেশন), বাংলাদেশ রেলওয়ে এ বিষয়ে সার্বিক কার্যক্রম সমন্বয় করবে। বাংলাদেশ রেলওয়ের যাত্রী আয় সহ সকল আয়ের অর্থ 'এ চালানের' মাধ্যমে দ্রুততম সময়ে (টি+০) কোষাগারে জমা দিতে হবে। অনলাইন টিকিট বিক্রির মাধ্যমে প্রাপ্ত অর্থ | ১। মহাপরিচালক, বাংলাদেশ রেলওয়ে<br>২।অতিরিক্ত মহাপরিচালক (অর্থ)/অপারেশন, বাংলাদেশ রেলওয়ে<br>৩। যুগ্ম-মহাপরিচালক (অপারেশন),বাংলাদেশ রেলওয়ে<br>৪। মহাব্যবস্থাপক, পূর্বাঞ্চল/পশ্চিমাঞ্চল, বাংলাদেশ রেলওয়ে |

| নং | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী বিভাগ/সংস্থা |
|---|---|---|
| | সহজ-ভিনসেন কে দ্রুততম সময়ের মধ্যে (টি+০) টিএসএ তে জমাকরণের বিষয়ে ব্যবস্থা গ্রহণ করতে হবে। বাংলাদেশ রেলওয়ের এফএ এন্ড সিএও , চট্টগ্রাম ও আইবাস টিম সমন্বয়ে বাংলাদেশ রেলওয়ের যাত্রী আয় সহ সকল আয়ের অর্থনৈতিক কোড ভিত্তিক 'একাউন্টিং ইন্টিগ্রেশনের' অগ্রগতির উপর আগামী সেপ্টেম্বর মাসের পূর্বে পাওয়ারপয়েন্ট উপস্থাপনা করতে হবে। | |
| (গ) | বাংলাদেশ রেলওয়ের সংশ্লিষ্ট সকল বাজেট ইউনিটকে ২০২৫-২৬ অর্থবছরের পরিচালন ব্যয় (বিশেষ কার্যক্রম) এর কোয়ার্টারভিত্তিক অর্থ বিভাজন, অর্থছাড় প্রস্তাব বা পুনঃউপযোজন এর ক্ষেত্রে মন্ত্রণালয়ে ০১ আগস্ট ২০২৪ রেলপথ মন্ত্রণালয়ের স্মারক নং ৫৪.০০.০০০০.০৩৪.১৮.০০৭.২৪.১৬৩ অনুসরণে ২০২৪-২৫ অর্থবছরের এপিপি, কোয়ার্টারের অর্থনৈতিক কোডভিত্তিক ব্যয় বিবরণী, বিল বিবরণী, পিপিআর সামারি ও আইবাস কপি প্রমাণকসহকারে প্রস্তাব প্রেরণ করতে হবে। কোন অবস্থাতেই অনুমোদিত এপিপি ব্যতীত অর্থ ছাড় করা হবে না তা নিশ্চিত করতে হবে। পরিচালন ব্যয় (বিশেষ কার্যক্রম) এর বিভিন্ন অর্থনৈতিক কোডের আওতাভুক্ত ৬০ টি বাজেট ইউনিটকে ২০২৫-২৬ অর্থবছরের ৫০ টি অর্থনৈতিক কোডে অর্থ বরাদ্দের প্রস্তাব আগামী ২০ জুলাই ২০২৫ এর মধ্যে মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে। | ১।মহাপরিচালক, বাংলাদেশ রেলওয়ে<br>২।অতিরিক্ত মহাপরিচালক (অর্থ), বাংলাদেশ রেলওয়ে<br>৩। মহাব্যবস্থাপক, পূর্বাঞ্চল/পশ্চিমাঞ্চল, বাংলাদেশ রেলওয়ে<br>৪। উপসচিব, বাস্তবায়ন, পরিবীক্ষণ ও মূল্যায়ন অধিশাখা<br>৫। সংশ্লিষ্ট সকল বাজেট ইউনিট, বাংলাদেশ রেলওয়ে |
| (ঘ) | পরিচালন ব্যয়ের সুনির্দিষ্ট কয়েকটি খাতে যেমন হাইস্পিড ইঞ্জিন ওয়েল, বিদ্যুত খাতে ব্যয় সংকোচন করতে হবে। বিদ্যুত চার্জ খাতে রেলওয়ের আয় আরো বৃদ্ধি করতে হবে। পরিচালন ব্যয়ের আওতায় আউটসোর্সিং বা টিএলআরখাতভূক্ত পরিচ্ছন্নতাকর্মী, অনবোর্ড সার্ভিস, ড্রাইভার, গেইটকিপার, বা ওয়ার্কশপে শ্রমিক নিযুক্তকরণ প্রতিটি ক্ষেত্রে ব্যাংক একাউন্টে অর্থ বিভাগের পরিপত্র অনুযায়ী সকল বাজেট ইউনিটকে ডিজিটাল পেমেন্ট নিশ্চিত করতে হবে। আউটসোর্সিং বা টিএলআরখাতভুক্ত ২০২৫-২৬ অর্থবছরের অনুমোদিত জনবল বাজেট ইউনিট ভিত্তিক তালিকা বাজেট ও পরিবীক্ষণ অনুবিভাগে প্রেরণ করতে হবে। | ১। মহাপরিচালক, বাংলাদেশ রেলওয়ে<br>২।অতিরিক্ত মহাপরিচালক (অর্থ), বাংলাদেশ রেলওয়ে<br>৩। মহাব্যবস্থাপক, পূর্বাঞ্চল/পশ্চিমাঞ্চল, বাংলাদেশ রেলওয়ে<br>৪। সংশ্লিষ্ট সকল বাজেট ইউনিট |
| (ঙ) | সকল মন্ত্রণালয় ও বিভাগের ন্যায় বাংলাদেশ রেলওয়ের অবসর ভাতা সংক্রান্ত যাবতীয় কার্যক্রম অর্থ বিভাগ হতে পরিচালনা করার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। এ লক্ষ্যে গৃহীত কার্যক্রমের অগ্রগতি সভায় অবহিত করতে হবে। | ১। অতিরিক্ত সচিব (বাজেট ও পরিবীক্ষণ)।<br>২। অতিরিক্ত মহাপরিচালক (অর্থ), বাংলাদেশ রেলওয়ে<br>৩। উপসচিব, বাস্তবায়ন, পরিবীক্ষণ ও মূল্যায়ন অধিশাখা |
| (চ) | বাজেট ব্যবস্থাপনা বিষয়ের উপর গতিশীলতা আনয়নের লক্ষ্যে যথারীতি বাংলাদেশ রেলওয়ের মহাপরিচালক কার্যালয়, পূর্বাঞ্চল এবং পশ্চিমাঞ্চলকে স্ব স্ব বাজেট ইউনিট সমন্বয়ে প্রতি মাসে বাজেট বিষয়ক সভা আহ্বান করতে হবে এবং সভার কার্যবিবরণী যথাশীঘ্র মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে। যথাসময়ে বাজেট সভা না করার উপযুক্ত কারণ ও ব্যখ্যা মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে। | ১।মহাপরিচালক, বাংলাদেশ রেলওয়ে<br>২।অতিরিক্ত মহাপরিচালক (অর্থ), বাংলাদেশ রেলওয়ে<br>৩। মহাব্যবস্থাপক, পূর্বাঞ্চল/পশ্চিমাঞ্চল, বাংলাদেশ রেলওয়ে |

| নং | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী বিভাগ/সংস্থা |
|---|---|---|
| (ছ) | বাজেট বাস্তবায়নে দক্ষতা অর্জনের লক্ষ্যে সচিবালয়, রেলপথ পরিদর্শন অধিদপ্তর, বাংলাদেশ রেলওয়ের সকল প্রতিষ্ঠান প্রধান/১০৮ টি বাজেট ইউনিট প্রধান সংশ্লিষ্ট কর্মকর্তা-কর্মচারী সমন্বয়ে নিয়মিতভাবে প্রশিক্ষণ মডিউল অনুযায়ী বাজেট বিষয়ক প্রশিক্ষণ বা সেমিনার/ওয়ার্কশপ আয়োজন করতে হবে। এতদসংক্রান্ত প্রতিবেদন নিয়মিতভাবে মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে। | ১। মহাপরিচালক, বাংলাদেশ রেলওয়ে<br>২। মহাব্যবস্থাপক, পূর্বাঞ্চল/পশ্চিমাঞ্চল, বাংলাদেশ রেলওয়ে<br>৩। জিআইবিআর, রেলপথ পরিদর্শন অধিদপ্তর,<br>৪। উপসচিব, প্রশাসন-২ , রেলপথ মন্ত্রণালয় |
| (জ) | বাংলাদেশ রেলওয়ের সকল বাজেট ইউনিট রাজস্ব আয় ও পরিচালন ব্যয় সম্পর্কিত প্রতিবেদন, এপিপি, বিআইপি এবং জনবল, টিওএন্ডই, প্রশিক্ষণ, আউটসোর্সিং/টিএলআর সংক্রান্ত নির্ধারিত ছকে তথ্য হালনাগাদ করতে হবে। | ১। মহাপরিচালক, বাংলাদেশ রেলওয়ে<br>২। মহাব্যবস্থাপক, পূর্বাঞ্চল/পশ্চিমাঞ্চল, বাংলাদেশ রেলওয়ে<br>৩। সংশ্লিষ্ট বাজেট ইউনিট |
| (ঝ) | বাংলাদেশ রেলওয়ে প্রকল্প পরিচালকগণ যথানিয়মে অর্থ বিভাগের নির্দেশনা অনুযায়ী বাস্তবায়ন অগ্রগতির কোয়ার্টার ভিত্তিক প্রতিবেদন প্রেরণ করবে। সরকারি অর্থ ও বাজেট ব্যবস্থাপনা আইন ২০০৯ এর ধারা-১৩, ১৪ ও ১৫ ধারা অনুযায়ী প্রকল্পের বাজেট বিষয়ক বরাদ্দ ছাড়, পুন উপযোজন, পরিবীক্ষণ কার্যক্রম বাস্তবায়ন করতে হবে। বাজেট পরিবীক্ষণ টিম কর্তৃক উন্নয়ন ব্যয়ের আওতাভুক্ত বিভিন্ন প্রকল্পের খাত ভিত্তিক/অর্থনৈতিক কোড ভিত্তিক বাজেট ব্যয়ের বাস্তবায়ন অগ্রগতি পরিবীক্ষণ ও মূল্যায়ন করে এর প্রতিবেদন মন্ত্রণালয়ের বাজেট ও পরিবীক্ষণ অনুবিভাগে প্রেরণ করতে হবে। এ লক্ষ্যে ২০২৫-২৬ অর্থবছরের পরিবীক্ষণ অফিস আদেশ জারী করতে হবে। | ১। মহাপরিচালক, বাংলাদেশ রেলওয়ে<br>২। অতিরিক্ত সচিব (বাজেট ও পরিবীক্ষণ)<br>৩। উপসচিব, বাস্তবায়ন, পরিবীক্ষণ ও মূল্যায়ন অধিশাখা<br>৪। প্রকল্প পরিচালক (সকল),বাংলাদেশ রেলওয়ে |
| (ঞ) | প্রশিক্ষণ খাতে মন্ত্রণালয়, মহাপরিচালক এর কার্যালয়, পূর্বাঞ্চল এবং পশ্চিমাঞ্চল হতে বিশেষ বরাদ্দ অনুমোদনে সংশোধিত বাজেট, প্রাক্কলন বাজেট প্রস্তুতকরণের পূর্বে প্রকল্প পরিচালকসহ রেলওয়ের বাজেট ইউনিটসমূহের সমন্বয়ে বাজেট বিষয়ক প্রশিক্ষণ বা সেমিনার আয়োজন করার উদ্যেগ গ্রহণ করতে হবে। | ১। মহাপরিচালক, বাংলাদেশ রেলওয়ে<br>২। অতিরিক্ত সচিব (বাজেট ও পরিবীক্ষণ)<br>৩। উপসচিব, বাস্তবায়ন, পরিবীক্ষণ ও মূল্যায়ন অধিশাখা<br>৪। প্রকল্প পরিচালক (সকল),বাংলাদেশ রেলওয়ে |
| (ট) | বাংলাদেশ রেলওয়ের সঠিকভাবে বাজেট প্রণয়নের জন্য প্রয়োজনে বাজেট ইউনিট সংখ্যা হ্রাস করার লক্ষ্যে মহাপরিচালক, বাংলাদেশ রেলওয়ে হতে মন্ত্রণালয়ে প্রস্তাব প্রেরণ করতে হবে। | ১।মহাপরিচালক, বাংলাদেশ রেলওয়ে<br>২।অতিরিক্ত মহাপরিচালক (অর্থ), বাংলাদেশ রেলওয়ে<br>৩। মহাব্যবস্থাপক, পূর্বাঞ্চল/পশ্চিমাঞ্চল, বাংলাদেশ রেলওয়ে |
| (ঠ) | বাংলাদেশ রেলওয়ের যে সকল বাজেট ইউনিট প্রশিক্ষণ খাতে কোন অর্থ ব্যয় করতে সমর্থ হয়নি এবং যারা পরিচালন সাধারণ ও বিশেষ কার্যক্রম ব্যয় যথাযথভাবে সম্পন্ন না করে অর্থ ফেরত প্রদান করেছে তাদের এ বিষয়ে ০৭(সাত) কার্যদিবসের মধ্যে ব্যাখ্যা বাজেট ও পরিবীক্ষণ অনুবিভাগে প্রেরণ করতে হবে। | ১।মহাপরিচালক, বাংলাদেশ রেলওয়ে<br>২।অতিরিক্ত মহাপরিচালক (অর্থ), বাংলাদেশ রেলওয়ে<br>৩। মহাব্যবস্থাপক, পূর্বাঞ্চল/পশ্চিমাঞ্চল, বাংলাদেশ রেলওয়ে |
| (ঢ) | আইবাস++ সিস্টেমে বা ম্যানুয়ালে A-Challan এর কপি অতিরিক্ত মহাপরিচালক (অর্থ) কর্তৃক সংরক্ষণ ও হিসাব নিয়মিতভাবে লেজারে অন্তর্ভুক্ত করতে হবে। প্রতি মাসে এর হিসাববিবরণী মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে। | ১।অতিরিক্ত মহাপরিচালক (অর্থ), বাংলাদেশ রেলওয়ে |

| নং | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী বিভাগ/সংস্থা |
|---|---|---|
| (ণ) | রেলপথ মন্ত্রণালয়ের সংশোধিত ২০২৪২৫ অর্থবছরের বাজেট বাস্তবায়ন পরিকল্পনার ৪র্থ ত্রৈমাসিক (এপ্রিল-জুন) বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সংক্রান্ত 'বাজেট ব্যবস্থাপনা কমিটি'র ১৫ জুলাই ২০২৫ অনুষ্ঠিত সভার কার্যবিবরণীর আলোকে গৃহীত সিদ্ধান্তের অগ্রগতি প্রতিবেদন আগামী ১৫ (পনের) কার্য দিবসের মধ্যে রেলপথ মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে। | ১। সচিবালয়, রেলপথ মন্ত্রণালয়<br>২। রেলপথ পরিদর্শন অধিদপ্তর ও<br>৩। বাংলাদেশ রেলওয়ের সকল বাজেট ইউনিট।<br>৪। প্রকল্প পরিচালক (সকল), বাংলাদেশ রেলওয়ে। |

১০। অতঃপর সভায় আর কোন আলোচ্যসূচি না থাকায় সবাই-কে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

১৩/০৮/২০২৫
মো: ফাহিমুল ইসলাম
সচিব
রেলপথ মন্ত্রণালয়

স্মারক নং-৫৪.০০.০০০০.০০০.০৩৪.২০.০০০৬.২৪.২৬৬

তারিখ: ২৯ শ্রাবণ ১৪৩২
১৩ আগস্ট ২০২৫

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :**

১) সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা [(দৃ:আ: যুগ্মসচিব (বাজেট-৫)];
২) সচিব, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, শের-ই-বাংলা নগর, ঢাকা [(দৃ:আ: উপসচিব (নড়ডিক অধিশাখা)];
৩) সদস্য, ভৌত অবকাঠামো বিভাগ, পরিকল্পনা কমিশন, শের-ই-বাংলা নগর, ঢাকা (দৃ:আ: যুগ্মপ্রধান, রেল পরিবহন উইং);
৪) সচিব, বাস্তবায়ন, পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ, পরিকল্পনা মন্ত্রণালয়, শের-ই-বাংলা নগর, ঢাকা;
৫) সদস্য, সাধারণ অর্থনীতি বিভাগ, পরিকল্পনা কমিশন, শের-ই-বাংলা নগর, ঢাকা (দৃ:আ: উপপ্রধান, সাধারণ অর্থনীতি বিভাগ);
৬) মহাপরিচালক, বাংলাদেশ রেলওয়ে, রেলভবন, ঢাকা;
৭) অতিরিক্ত সচিব (সকল), রেলপথ মন্ত্রণালয়, রেলভবন, ঢাকা;
৮) যুগ্মসচিব (সকল), রেলপথ মন্ত্রণালয়, রেলভবন, ঢাকা;
৯) অতিরিক্ত মহাপরিচালক (সকল), বাংলাদেশ রেলওয়ে, রেলভবন, ঢাকা;
১০) সরকারি রেল পরিদর্শক, রেলপথ পরিদর্শন অধিপ্তর, কমলাপুর, ঢাকা;
১১) মহাব্যবস্থাপক (পূর্ব/পশ্চিম), বাংলাদেশ রেলওয়ে, চট্টগ্রাম/রাজশাহী;
১২) মাননীয় উপদেষ্টার একান্ত সচিব, রেলপথ মন্ত্রণালয়, রেলভবন, ঢাকা;
১৩) সচিবের একান্ত সচিব, রেলপথ মন্ত্রণালয়, রেলভবন, ঢাকা;
১৪) প্রধান পরিকল্পনা কর্মকর্তা, বাংলাদেশ রেলওয়ে, রেলভবন, ঢাকা;
১৫) চীফ একাউন্টস এন্ড ফাইন্যান্স অফিসার, রেলপথ মন্ত্রণালয়, হিসাব ভবন (৪র্থ তলা), সেগুনবাগিচা, ঢাকা-১০০০।
১৬) সহকারী সচিব (বাজেট শাখা ১/২), রেলপথ মন্ত্রণালয়, রেলভবন, ঢাকা;
১৭) হিসাবরক্ষণ কর্মকর্তা, রেলপথ মন্ত্রনালয়, রেলভবন, ঢাকা;
১৮) সিনিয়র সিস্টেম এনালিস্ট, রেলপথ মন্ত্রণালয়, রেলভবন, ঢাকা (সভার কার্যবিবরণীটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।

১৩/০৮/২০২৫
(মোঃ দুলাল মিঞা)
সিনিয়র সহকারী সচিব